



অতীব জরুরী

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- জস্বা-০৩/২৩৭/২০১৩

৭ অক্টোবর, ২০১৭ খ্রি.

বিষয়ঃ প্রশ্ন ব্যাংকের মাধ্যমে অনলাইনে প্রশ্নপত্র সরবরাহ করে ২০১৮ সালের এসএসসি পরীক্ষার্থীদের সুষ্ঠুভাবে নির্বাচনি পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে।


সূত্রঃ শিক্ষা মন্ত্রণালয়ের ১৯/৫/২০১৬ তারিখের ৩৭.০০.০০০০.৩৭২.৪৪.০২০.১৪.২৩৪ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে যশোর শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাধ্যমিক পর্যায়ে প্রতিষ্ঠানে প্রশ্ন ব্যাংকের মাধ্যমে অনলাইনে প্রশ্নপত্র সরবরাহ করে ২০১৮ সালের এসএসসি পরীক্ষার্থীদের নির্বাচনি পরীক্ষা গ্রহণ করা হবে। সুষ্ঠুভাবে প্রশ্ন ব্যাংক থেকে প্রশ্নপত্র ডাউনলোড করে পরীক্ষা গ্রহণের নিমিত্তে নিম্নবর্ণিত নির্দেশ প্রদান করা হলোঃ

- প্রশ্নপত্র ডাউনলোডে সহায়তার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/এসএসসি পরীক্ষা কেন্দ্র প্রতিষ্ঠান প্রধানের সহিত যোগাযোগ করতে হবে
- প্রশ্নপত্র ফাঁস রোধে সর্বোচ্চ গোপনীয়তায় প্রতিষ্ঠান প্রধানের সশরীরে উপস্থিত হয়েই প্রশ্নপত্র অবশ্যই ডাউনলোড করতে হবে
- ডাউনলোডের পর প্রশ্নপত্র প্রিন্ট/ফটোকপি ও আবদ্ধ খামে সর্বোচ্চ নিরাপত্তায় সংরক্ষণ করে পরীক্ষা কক্ষে পৌঁছাতে হবে
- ফটোকপির পরিবর্তে কম্পিউটার হতে সরাসরি প্রিন্ট করার প্রতি অগ্রাধিকার দিতে হবে
- বিশেষ প্রয়োজনে ব্যবসায়িক প্রতিষ্ঠানে/দোকানে ফটোকপি করার সময় মূলকপি/অতিরিক্ত প্রশ্নপত্র ফটোকপি মেশিনে বা টেকনিশিয়ানের নিকট থাকছে কি-না নিশ্চিত হতে হবে
- পরীক্ষার পূর্বদিন রাতেই ল্যাপটপে পূর্ণ চার্জ আছে কি-না নিশ্চিত হতে হবে
- নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে নিকটস্থ বিদ্যুৎ কেন্দ্রে পরীক্ষার রুটিনসহ লিখিত আবেদনের মাধ্যমে যোগাযোগ রাখতে হবে
- প্রশ্নপত্র ফাঁসের অভিযোগের দায়দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে।

প্রয়োজনেঃ ০১৭৫৬-৫২৭৭৭৭, ০১৭১৭-২৫১৪৪০
০১৭১৮-২৯৬৬৪৪, ০১৭১৬-১০৪২০২

যশোর বোর্ডের আওতাধীন সকল
মাধ্যমিক পর্যায়ে প্রতিষ্ঠান প্রধান


মাখব চন্দ্র রুদ্দ
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

তারিখঃ ০৪২১-৬৮৬৬৭

স্মারক নং-

০৭ অক্টোবর, ২০১৭ খ্রি.

সদয় অবগতির জন্যঃ

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ৩। জেলা প্রশাসক, কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর/যশোর/ঝিনাইদহ/নড়াইল/মাগুরা/খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা
- ৪। জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া/ চুয়াডাঙ্গা/ মেহেরপুর/ যশোর/ ঝিনাইদহ/ নড়াইল/ মাগুরা/ খুলনা/ বাগেরহাট/ সাতক্ষীরা
- ৫। উপজেলা নির্বাহী অফিসার (যশোর শিক্ষা বোর্ডের আওতায় সকল উপজেলা)
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (যশোর শিক্ষা বোর্ডের আওতায় সকল উপজেলা)।